গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.pabna.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩৬.০৩২.০০১.২৩. ৮১১৬

তারিখঃ ১৬ কার্তিক, ১৪৩০ / ৩১ অক্টোবর, ২০২৩

## "গণবিজ্ঞপ্তি"

এতদ্বারা পাবনা জেলার সকল আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০১ ডিসেম্বর, ২০২৩ তারিখ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত অত্র জেলার সকল বৈধ বন্দুক/রাইফেল/পিস্তল/রিভলবার এবং ডিলার/মেরামতকারী প্রতিষ্ঠান/সেফ কিপিং এর লাইসেন্সসমূহ ২০২৪ ও তদূর্ধ্ব সময়ের জন্য নির্ধারিত ফি আদায় সাপেক্ষে নবায়ন করা হবে। সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীকে ১৫% ভ্যাটসহ নবায়ন ফি ট্রেজারি চালানের মাধ্যমে সোনালী ব্যাংক-এ জমা প্রদানপূর্বক নিজ নিজ লাইসেন্স, আগ্নেয়াস্ত্র এবং গুলি/কার্তুজসহ নির্ধারিত স্থান ও সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো। নবায়নের আবেদনের সাথে লাইসেন্স এবং এনআইডির ফটোকপি, নবায়ন ফি ও ভ্যাট জমার মূল কপি দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

পরবর্তীতে আগ্নেয়াস্ত্রের লাইসেন্স নবায়নের সময়সীমা পুনরায় বৃদ্ধি করা হবে না এবং নির্ধারিত সময়ের মধ্যে নবায়নে ব্যর্থ লাইসেন্সধারীগণের আগ্নেয়াস্ত্রের লাইসেন্সসমূহ বিনা নোটিশে বাতিল ঘোষণা করা হবে। ৮০(আশি) বছর বয়সের উর্দ্ধে কোন লাইসেন্সধারীর লাইসেন্স নবায়ন করা হবে না।

| | আগ্নেয়াস্ত্রের ধরণ | নবায়ন ফি | ১৫% ভ্যাট |
|---|---|---|---|
| (ক) | বন্দুক/রাইফেল/শটগান (ব্যক্তি, আর্থিক প্রতিষ্ঠান বা ব্যাংক পর্যায়ে)- | ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) | ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা) |
| (খ) | বন্দুক/রাইফেল/শটগান (অন্যান্য শিল্প প্রতিষ্ঠান পর্যায়ে) - | ১০,০০০/-(দশ হাজার টাকা) | ১,৫০০/-(এক হাজার পাঁচশত টাকা) |
| (গ) | পিস্তল/রিভলবার - | ১০,০০০/-(দশ হাজার টাকা) | ১,৫০০/-(এক হাজার পাঁচশত টাকা) |
| (ঘ) | ডিলার এবং মেরামতকারী প্রতিষ্ঠান - | ৫,০০০/- (পাঁচ হাজার টাকা) | ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা) |
| (ঙ) | সেফ কিপিং - | ৩,০০০/- (তিন হাজার টাকা) | ৪৫০/- (চারশত পঞ্চাশ টাকা) |

নবায়ন ফি জমা প্রদানের কোড নম্বর ঃ ১ ২২১১ ০০০০ ১৮৫৯

| | প্রাতিষ্ঠানিক কোড | অর্থনৈতিক কোড |
|---|---|---|
| ১৫% ভ্যাট জমা প্রদানের কোড নম্বর ঃ | ১১১০২০৫১০২০৯১ | ১১৪১১০১ |

### আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের নির্ধারিত সময়সূচি

| উপজেলার নাম | নবায়নের তারিখ | নবায়নের স্থান ও সময় (সকাল ১০.০০ টা হতে) | নবায়নকারী কর্মকর্তা | প্রতিকল্প কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ঈশ্বরদী | ০৩-১২-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঈশ্বরদী, পাবনা | জনাব সুদীপ্ত দেবনাথ<br>০১৫২০০৯০৭৫০<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>জে.এম শাখা<br>জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা |
| আটঘরিয়া | ০৪-১২-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আটঘরিয়া, পাবনা | জনাব চৌধুরী আল-মাহমুদ<br>০১৬২১৪২৫৬১৩<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | |
| ভাঙ্গুড়া | ০৫-১২-২০২৩<br>সকাল ১০:০০টা হতে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ভাঙ্গুড়া, পাবনা | জনাব মোহাম্মদ তৌফিকুর রহমান<br>০১৭১৫৫৭৮৫৭৪<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | |
| চাটমোহর | ০৫-১২-২০২৩<br>বিকাল ৩: ০০টা হতে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় চাটমোহর, পাবনা | | |
| বেড়া | ০৬-১২-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, বেড়া, পাবনা | জনাব মোঃ মামুন সরকার<br>০১৯২০৬৭৫৫৯৯<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | |
| সুজানগর | ০৭-১২-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সুজানগর, পাবনা | জনাব ফারিস্তা করিম<br>০১৭২০১০৭০০৮<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | |

| উপজেলার নাম | নবায়নের তারিখ | নবায়নের স্থান ও সময় (সকাল ১০.০০ টা হতে) | নবায়নকারী কর্মকর্তা | প্রতিকল্প কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ফরিদপুর | ১১-১২-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফরিদপুর, পাবনা | জনাব জনাব সুৎফুন নাহার শারমীন<br>০১৭৩১১৭৬৪৯৮<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | |
| সাঁথিয়া | ১২-১২-২০২৩ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় সাঁথিয়া, পাবনা | জনাব লাবনী আক্তার তারানা<br>০১৭১১-০৮৪২৪১<br>সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা | ভারপ্রাপ্ত কর্মকর্তা জে.এম শাখা, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা |
| পাবনা সদর | ০১-১২-২৩ হতে ৩১-১২-২৩ পর্যন্ত ছুটির দিন ব্যতীত | জুডিসিয়াল মুন্সিখানা শাখা জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা | ভারপ্রাপ্ত কর্মকর্তা<br>জে.এম শাখা, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা | |

উল্লেখ্য, সকল উপজেলার আগ্নেয়াস্ত্র লাইসেন্সসমূহ নিজ নিজ উপজেলার নির্ধারিত নবায়নের তারিখ ব্যতীত ১ ডিসেম্বর, ২০২৩ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ তারিখ পর্যন্ত জুডিসিয়াল মুন্সিখানা শাখা, জেলা ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, পাবনা হতে নবায়ন করা হবে। সংশ্লিষ্ট লাইসেন্সধারীর উপস্থিতি, আগ্নেয়াস্ত্র এবং গুলি/কার্তুজ প্রদর্শন ব্যতীত কোন আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়ন করা হবে না। নবায়নের আবেদন ফরম www.pabna.gov.bd নং ওয়েব সাইট হতে এবং সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে পাওয়া যাবে।

২৯/১০/২০২৩

(মু: আসাদুজ্জামান)
জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা
ফোনঃ ০২৫৮৮৮৪৫৪৯১
e-mail: dcpabna@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৩.৭৬০০.০৩৬.০৩২.০০১.২৩. ১১৬(২৫০)

তারিখঃ ১৬ কার্তিক, ১৪৩০ / ২৯ অক্টোবর, ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
০৩. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ....................... (সকল)।
০৪. পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, পাবনা।
০৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/(উন্নয়ন ও মানব সম্পদ), পাবনা/উপপরিচালক, স্থানীয় সরকার, পাবনা।
০৬. জেলা সিনিয়র তথ্য অফিসার, পাবনা। (তাঁকে জেলাব্যাপী ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
০৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ................. (সকল), পাবনা। (তাঁর উপজেলাব্যাপী ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
০৮. উপজেলা নির্বাহী অফিসার ...................... (সকল), পাবনা। (তাঁর অধিক্ষেত্রে ব্যাপক প্রচারের অনুরোধসহ)।
০৯. নেজারত ডেপুটি কালেক্টর, পাবনা। (তাঁকে দায়িত্বপ্রাপ্ত এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটগণের যাতায়াতের সুবিধার্থে যানবাহন সরবরাহের অনুরোধসহ)।
১০. জনাব ..........................................................ভূমি হুকুম দখল কর্মকর্তা/সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা।
১১. অফিসার-ইন-চার্জ, ............... (সকল থানা), পাবনা। (তাঁকে নির্ধারিত তারিখ ও সময়ে নবায়নের স্থানে থানায় সংরক্ষিত আগ্নেয়াস্ত্র লাইসেন্স রেজিস্টারসহ একজন কর্মকর্তার উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধসহ)।
১২. চেয়ারম্যান, ................................ ইউনিয়ন পরিষদ, ............................(সকল), পাবনা। (তাঁর ইউনিয়নব্যাপী ঢোল সহরত ও মাইকযোগে এবং গ্রামপুলিশের মাধ্যমে ব্যাপক প্রচারণার অনুরোধসহ)।
১৩. সভাপতি, প্রেস ক্লাব, পাবনা। (তাঁকে স্থানীয় সকল পত্রিকায় গণবিজ্ঞপ্তিটি ন্যূনতম ০৩ (তিন) দিন সৌজন্যমূলক প্রকাশনার অনুরোধসহ)।
১৪. সভাপতি, পাবনা কেবল ভিশন/ভিশন টেকনোলজি, পাবনা। (তাঁকে স্থানীয় টিভি স্ক্রলে প্রচারের অনুরোধসহ)।

২৯.১০.২৩

(মোঃ জাহাঙ্গীর আলম)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
পাবনা

CS CamScanner